# চরকুমারিয়া ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা
## অনলাইন নির্বাচনী পরীক্ষা -২০২১
## শ্রেণি ঃ দাখিল পরীক্ষার্থী- ২০২১
## বিষয়ঃ কুরআন মাজিদ ও তাজভীদ

**সময়ঃ ২.৩০ ঘন্টা** **বিষয় কোড- ১০১** **পূর্ণমান-৭০**

যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাওঃ

১। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও-
শ্রেণিশিক্ষক ক্লাসে ছাত্রদেরকে সালাতের গুরুত্ব বুঝাচ্ছেন। তিনি বলেন সালাত মুমিনের শ্রেষ্ঠ পরিচয়। আর যারা সালাত আদায় করে তাদেরকে মুত্তাকি বলা হয়। একমাত্র মুত্তাকিরাই আল্লাহর প্রতি ঈমান এনে থাকেন। তিনি আরো বলেন, মুমিনের একটি গুরুত্বপূর্ণ গুন হলো وبالاخرة هم يوقنون-

ক) الكتاب শব্দের অর্থ কী ?

খ) وما انزل من قبلك - الخ দ্বারা কী বুঝানো হয়েছে ?

গ) উদ্দীপকের শিক্ষক মুমিনের পরিচয় হিসেবে কোন বিষয়টি তুলে ধরেছেন? ব্যাখ্যা কর ।

ঘ) মুত্তাকিদের জন্য -وبالاخرة هم يوقنون কতটুকু সামাঞ্জস্যপূর্ণ ? বিশ্লেষণ কর।

২। দুই ধরনের মানুষের চরিত্রঃ-

| ক- অংশ | খ-অংশ |
|---|---|
| এ প্রকার মানুষের চরিত্র হলোঃ- | এ প্রকার মানুষের চরিত্রঃ- |
| * অদৃশ্যে বিশ্বাস করে। | *জমিনে ফেতনা সৃষ্টি করে। |
| *আসমানি কিতাবসমূহে বিশ্বাস করে। | *মুমিনদের ধোঁকা দেয়। |
| *পরকালে দৃঢ় বিশ্বাস করে। | *অন্তরে হিংসা বিদ্বেষ লালন করে। |
| *নামাজ কায়েম করে। | *ভ্রষ্টতায় নিমজ্জিত থাকে। |
| *হিসেব মতো যাকাত প্রদান করে। | *কথায় কথায় মিথ্যা বলে। |

ক) অনুবাদ কর: يخادعون الله و الذين امنوا

খ) ব্যাখ্যা লিখ: اولئك الذين اشتروا الضلالة بالهدى

গ) ‘ক’ অংশে উল্লিখিত চরিত্রের অধিকারীদের দ্বারা কাদের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?

ঘ) ‘খ’ অংশে উল্লিখিত চরিত্রের অধিকারীদের কৃতকর্মের ফলাফল চরিত্র কুরআন সুন্নাহর আলোকে বিশ্লেষণ কর।

৩। কতিপয় যুবক দৌলতগঞ্জ আলিয়া মাদরাসার পাশে যাত্রা গানের আয়োজন করে। এ খবর শুনে মাদরাসার সকল শিক্ষক এলাকার মাতববর হাতেম আলীকে জানায় এবং যাত্রা গান বন্ধের পদক্ষেপ নিতে অনুরোধ করেন। মাতববর সাহেব শিক্ষকদেরকে এটা বন্ধের আশ্বাস দেন। এ দিকে অনুষ্ঠান আয়োজকেরা তার কাছে সহযোগিতা চাইলে তিনি বলেন - তোমরা কাজ চালিয়ে যাও তোমাদেরকে সব ধরণের সহযোগিতা করব।

ক) واولئك هم المفلحون এর অর্থ লিখ ?

খ) اولئك الذين اشتروا الضلالة بالهدى আয়াতাংশের ব্যাখ্যা লিখ ?

গ) মাদরাসার শিক্ষকরা শরীয়তের কোন বিধান পালন করেছেন ? কুরআনের আলোকে বর্ণনা কর।

ঘ) এলাকার মাতববর হাতেম আলীর কর্মেও পরিচিতি তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর।

৪। জাহিদ বিশ্ববিদ্যালয়ে পড়ে। ডেভিড নামে তার এক ইহুদি বন্ধু আছে। ধর্মের শ্রেষ্টত্ব নিয়ে এদের মধ্যে কথোপকথন হয়। ডেভিড বলে, ইহুদি ধর্ম হলো শ্রেষ্ট ধর্ম । একমাত্র ইহুদিরাই পরকালে জান্নাতে প্রবেশ করবে। জাহিদ বলে, ইসলাম আল্লাহর নিকট মনোনীত ধর্ম। ইসলাম ধর্ম আসার পর অন্য কোন ধর্ম গ্রহণযোগ্য নয়।

ক) صبغة الله ومن احسن من الله صبغة আয়াতাংশের অনুবাদ কর।

খ) ان الذين اختلفو فى الكتاب لفى شقاق بعيد আয়াতাংমের ভাবার্থ লিখ ?

গ) জাহিদের বক্তব্যটি পবিত্র কুরআনের আলোকে ব্যাখ্যা কর।

ঘ) ডেভিডের বক্তব্যটি সঠিক কিনা ? পবিত্র কুরআনের আলোকে এ ব্যাপারে তোমার মতামত ব্যক্ত কর।

৫। আফিফা ও নাবিলা দুজন বান্ধবী। পড়া শুনার মাঝে মাঝে তারা কুরআন মাজিদের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করে। একদা তারা হযরত ঈসা(আ) কে নিয়ে কথোপকথন করে। আফিফা: আল্লাহ তায়ালা হযরত ঈসা আঃ কে জীবিত অবস্থায় আসমানে উঠিয়ে নিয়েছেন। তিনি বর্তমানে সেখানে রয়েছেন। এবং কিয়ামতের আগে পৃথিবীতে নেমে আসবেন। নাবিলা: তোমার এ কথা ঠিক নয় কারণ আমি বাইবেলে দেখেছি ইহুদিরা তাকে ক্রুশবিদ্ধ করে হত্যা করেছে।

ক) الحى শব্দের অর্থ কী ?

খ) - ذلك متاع الحيوة الدنيا و الله عنده حسن الماب আয়াতাংশের ব্যাখ্যা কর।

গ) হযরত ঈসা (আ) সম্পর্কে আফিফার বিশ্বাস আল কুরআনের আলোকে ব্যাখ্যা কর।

ঘ) নাবিলার বক্তব্য তুমি কি সমর্থন কর ? কুরআনের আলোকে তোমার মতামত দাও ।

৬। রমজান মিয়া তার এলাকার বিশিষ্ট মাওলানা শফিক সাহেবকে পবিত্র কুরআনের الم এর অর্থ জিজ্ঞেস করলেন। তখন মাওলানা সাহেব বললেন, এর প্রকৃত অর্থ আল্লাহ ছাড়া কেউ জানে না। তখন রমজান মিয়া বলল, আপনি কেমন আলেম হলেন ? কুরআনের ছোট একটি আয়াতের অর্থ জানেন না। অথচ আমি এর অর্থ জানি এবং মানুষের কাছে তা বলে থাকি ।

ক) الارحام এর একবচন কী ?

খ) هو الذى يصوركم فى الارحام এর ব্যাখ্যা লিখ ।

গ) মাওলানা সাহেবের কথা কুরআনের বর্ণনার সাথে মিল দেখাও ?

ঘ) রমজান মিয়ার বক্তব্যটি তুমি কি সমর্থন কর ? তোমার মতের স্বপক্ষে দলিল পেশ কর।

৭। কুরআন মাজীদের দু'ধরনের আয়াত

| الف | ب |
|---|---|
| * যার অর্থ বোধগম্য<br>* যা কুরআনের মূল<br>* কুরআনের অধিকাংশ আয়াত এ ধরনের<br>* যার দ্বারা আহকাম সাব্যস্ত।<br>*যার অর্থে স্ব্যর্থবোধকতা নেই। | * যার অর্থ অস্পষ্ট।<br>*যার দ্বারা আহকাম সাব্যস্থ নয়।<br>*যার প্রকৃত অর্থ আল্লাহ ছাড়া কেউ জানে না।<br>*কুরআনের সীমিত সংখ্যক আয়াত এ ধরনের<br>*ফিৎনা সৃষ্টিকারীরা্ও পিছনে ছোটে। |

ক) - الراسخون فى العلم এর অর্থ কি ?
খ) وما يذكر الا اولو الالباب এর ব্যাখ্যা কর?
গ) উদ্দীপকে (ب) অংশে উল্লেখিত আয়াতের নাম উল্লেখপূর্বক এর হুকুম প্রসংঙ্গে ওলামায়ে কেরামের মতামত বর্ণনা কর।
ঘ) ইসলামি শরীয়তের বিধানাবলি রচনার ক্ষেত্রে উদ্দীপকের الف অংশে বর্ণিত আয়াতের গুরুত্ব বিশ্লেষণ কর।

৮। দিনেশ ও গনেশ অমুসলিম থাকা অবস্থায় সুদি কারবার করতো। ইসলাম গ্রহণের পর দিনেশ গনেশের নিকট প্রাপ্র্য সুদ চাইলে গনেশ অমুসলিয় অবস্থায় সুদ দিতে অস্বীকার করে। এতে দুজনের মধ্যে ঝগড়া বাঁধলে তারা এলাকার চেয়ারম্যানের নিকট বিচার দেয়। চেয়ারম্যান সাহেব এর সমাধানের জন্য মাওলানা আবু বকর সিদ্দিকের নিকট গেলে তিনি তেলাওয়াত করলেন: يا يها الذين امنوا اتقوا الله وذروا ما بقى من الربى-
ক) ربوا এর শাব্দিক অর্থ কী ?
খ) ربوا বা সুদ কাকে বলে ?
গ) উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে কোন ঘটনার মিল আছে? পাঠ্য বইয়ের আলোকে বর্ণনা কর।
ঘ) শরীয়তের সমাধানের জন্যে চেয়ারম্যানের কার্যটি মূল্যয়ন কর।

৯। সালেম তার বন্ধুকে বললো, ইসলামের ইবাদত বন্দেগীর বিষয়টি ভালো, কিন্তু পাশ্চাত্যের শৃংখলা ভালো। তাই আমি উভয়টি সম্বনয় করে চলি। কিন্তু তার বন্ধু মাহের বললো, তোমার ধারনা সঠিক নয়। ইসলামই একমাত্র পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা।
ক) اسلام শব্দের অর্থ কী ?
খ) اسلام কালে বলে?
গ) মাহেবের দাবি কুরআন দ্বারা প্রমাণ কর ?
ঘ) সালেমের মনোভাবকে কী তুমি সমর্থণ কর ? তোমার মতামত মূল্যায়ন কর।

১০। ক্বারী সাহেব ছাত্রদেরকে কেরাত শিখাতে গিয়ে প্রথমে তাজভিদের গুরুত্বারোপ করেন। তিনি বলেন, প্রত্যেক মুসলমান নর-নারীর ওপর বিশুদ্ধ ভাবে কুরআন তেলাওয়াত করা আবশ্যক। কারণ অশুদ্ধ তেলাওয়াত দ্বারা তেলাওয়াতকারী গুনাহগার হয়।অতএব, বিশুদ্ধ তেলাওয়াতের জন্যে তাজভীদ শিক্ষার বিকল্প নেই ।
ক) তাজভীদ কাকে বলে?
খ) তাজভীদের গুরুত্ব আলোচনা কর?
গ) উদ্দীপকের ক্বারী সাহেবের কথায় কোন বিষয়টি ফুটে ওঠেছে ? ব্যাখ্যা কর।
ঘ) ক্বারী সাহেবের বক্তব্য অশুদ্ধ তেলাওয়াত দ্বারা তেলাওয়াতকারী গুনাহগারহয়" বক্তব্যেও যথার্থতা যাচাই কর।

১১। ক্বারী রোকন উল্যাহ সাহেব তালিমুল কুরআন প্রশিক্ষণ কেন্দ্রে মাখরাজ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, আরবি হরফ উচ্চারণের স্থানকে মাখরাজ বলে।আরবি হরফ উচ্চারনের জন্য ১৭টি মাখরাজ রয়েছে। মাখরাজে গুরুত্ব এত বেশি যে উহা আদায় না করলে হরফ পরিবর্তন হয়ে যায়। ফলে লাহনে জলি হয়। এতে কুরআনের অর্থ পরিবর্তন হয়ে সাওয়াবের পরিবর্তে গুনাহের ভাগীদার হতে হয়।
ক) لحن কী ?
খ) মাখরাজ কাকে বলে ? ব্যাখ্যা কর ।
গ) মাখরাজ আদায় না করলে কীভাবে অক্ষর পরিবর্তন হয়ে যায়?
ঘ) ক্বারী সাহেবের বক্তব্য 'মাখরাজ আদায় না হলে লাহনে জলি হবে' বক্তব্যের যথার্থতা যাচাই কর।